সংবাদ

তারিখ ৬/২/৮১
পৃষ্ঠা ৪ কলাম ৬

039

# প্রাথমিক শিক্ষকদের ধর্মঘট আর কতদিন ?

সমগ্র দেশের প্রাথমিক শিক্ষকগণের ধর্মঘটের ফলে আজ দেশের প্রাথমিক বিদ্যালয়গুলোতে নৈরাজ্য বিরাজ করছে। প্রাথমিক বিদ্যালয়গুলোকে স্থানীয় সরকার এবং পৌর কর্পোরেশনের হাতে অর্পণের সরকারী সিদ্ধান্তের প্রতিবাদে তাঁরা ধর্মঘট করছেন, অনেক বিদ্যালয়ে এখনও পরীক্ষার ফল প্রকাশিত হয়নি, কবে হবে তাও অনিশ্চিত। ধর্মঘটের ফলে ছাত্রদের প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক কর্তৃক পরিচয়পত্রের অভাবে ডাকঘর থেকে বই কেনাও সম্ভব হচ্ছে না। শিক্ষকদের এই দাবী ন্যায়সংগত। অথচ রংপুরে শিক্ষকদের শান্তিপূর্ণ মিছিলে পুলিশ বেপরোয়া লাঠি চার্জ করে। পুলিশের এহেন আচরণে আমরা মর্মাহত এবং উদ্বিগ্ন। ছাত্ররাই দেশের ভবিষ্যৎ, ছাত্রদের মানুষ গড়ার কারিগর এই শিক্ষক। শিক্ষকরাই জাতির পথ প্রদর্শক, শিক্ষকের প্রতি এহেন অপমান জাতির অপমান নয় কি ?

শ্রীধাম কৃষ্ণ সাহা
ও
কাজী সাইফুদ্দীন ওয়ালিদ
স্বরূপকাঠি, বরিশাল।